


# আপডেটে ১ জিবিপিএস গতি পাবেন দেশের লিনাক্স ব্যবহারকারীরা


প্রকাশঃ ৩ মার্চ, ২০১৮, ০৯:৪১ - আপডেটঃ ৩ মার্চ, ২০১৮, ০৯:৫৮



**টেক শহর কনটেন্ট কাউন্সিলর :** বাংলাদেশে স্থাপিত সার্ভার থেকেই লিনাক্স ভিত্তিক ওএস আপডেট করলে ১ জিবিপিএস ডাউনলোড ও আপলোড গতি পাওয়া যাবে।

দেশীয় হোস্টিং সেবাদাতা প্রতিষ্ঠান জিয়নবিডি নিজস্ব ডাটা সেন্টার থেকে পাওয়া যাবে এই সুবিধা।

উবুন্টু, সেন্টওএস, আর্চ লিনাক্স, মানজারু লিনাক্স ব্যবহারকারীদের জন্য ইতোমধ্যে ওএসগুলোর মিরর লিস্টে জিয়নবিডি অন্তর্ভুক্ত করা হয়েছে।



দেশের লিনাক্স ভিত্তিক ওএস ডাউনলোড করতে গেলে পূর্বে ১ এমবিপিএস ইন্টারনেট সংযোগ ব্যবহারকারীরা ৭০কেবিপিএস থেকে ১২০ কেবিপিএস গতি পেতেন। জিয়নবিডির ডাটা সেন্টার বিডিআইএক্সের(বাংলাদেশ ইন্টারনেট এক্সচেঞ্জ) সঙ্গে যুক্ত হলে দেশের ব্যবহারকারীরা অনায়াসে ১ জিবিপিএস গতিতে ওপেনসোর্স ওএসগুলো ডাউনলোড করতে পারবেন বলে টেকশহর ডটকমকে জানিয়েছেন জিয়নবিডির প্রধান নির্বাহী কাজী এস. এম. নাজমুস সাকিব।

তিনি আরো বলেন, বাংলাদেশে অবস্থিত যেকোনো উবুন্টু, সেন্টোস, আর্চ লিনাক্স, মানজারু লিনাক্স ব্যবহারকারীরা আমাদের মিরর সার্ভার থেকে উপকৃত হবেন। এই সেবার মাধ্যমে ওপেন সোর্স সফটওয়্যার, ডিসট্রো, অপারেটিং সিস্টেমগুলো সহজলভ্য হবে। ফলে নতুন প্রজন্ম ওপেন সোর্স সফটওয়্যার ও অপারেটিং সিস্টেম সম্পর্কে শিখতে আগ্রহী হবেন।

উল্লেখ্য ২০১৩ সালে দেশে নিজস্ব ডাটা সেন্টার স্থাপন করে জিয়নবিডি। এর পাশাপাশি মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপে রয়েছে প্রতিষ্ঠানটির আরো দুইটি কো-লোকেশন সেন্টার।

**তুসিন আহমেদ**